# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 03 May, 2025

মুন্সিগঞ্জের গজারিয়ায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ভবেরচর বাসস্ট্যান্ড এলাকায় অফিসে যাওয়ার পথে মোটরসাইকেল দুর্ঘটনায় অজ্ঞাত গাড়ির ধাক্কায় ফরহাদ উদ্দিন ভূইয়া(৩৫) নামে বাইক চালক নিহত হয়েছেন। আজ সকাল ৭টায় মুন্সিগঞ্জ জেলার গজারিয়া থানাধীন ভবেরচর বাসস্ট্যান্ড সংলগ্ন কলেজ রোডের সামনে এ ঘটনা ঘটে।

মোঃ ফরহাদ উদ্দিন ভূইয়া কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া থানার দুলালপুর ইউনিয়নের দুলালপুর গ্রামের কাসেম ভূইয়ার ছেলে বলে জানা গেছে। ঘটনার প্রত্যক্ষদর্শী সূত্র জানা যায়, মহাসড়কের ঢাকাগামী লেনে একটি মোটরসাইকেলের চালককে ঢাকা যাওয়ার পথে তার অজ্ঞাত গাড়ি ধাক্কা দিয়ে চলে যায়।এতে বাইকচালক ঘটনাস্থলেই মারা যান।নিহতের ভাগিনা নাঈম রানা বলেন, আমার মামা ঢাকা টান্সকম কোম্পানিতে চাকরি করতেন।ছুটিতে এসে প্রতি শনিবার বাসা থেকে অফিস করার জন্য বের হয়ে যান।অফিসে যাওয়ার সময় বাইক দুর্ঘটনায় মারা যান। এ বিষয়ে ভবেরচর হাইওয়ে পুলিশ ফাঁড়ির ইনচার্জ শওকত হোসেন বলেন, লাশ ও মোটরসাইকেল হাইওয়ে পুলিশের হেফাজতে রয়েছে।প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।এখন পর্যন্ত লাশের আত্নীয়রা এসেছেন।সকল প্রক্রিয়া শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

মুন্সিগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:28

URL: https://www.timestodaybd.com/across-the-country/1818775807